

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪৬৯

সাক্রম, ২৭ জুন, ২০২৫

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের দক্ষিণ  
জেলাভিত্তিক জন্মজয়ন্তী সমাপ্ত

গতকাল দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক সাহিত্য সম্মেলন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মজয়ন্তী ২০২৫ সাক্রম পুরাতন টাউন হলে অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, শিক্ষা দপ্তর ও সাক্রম নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সাক্রম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে। এছাড়া অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন সাক্রম নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন দীপক দাস, বিশিষ্ট সমাজসেবী শান্তিপ্রিয় ভৌমিক, তাপস লোধ, বিশিষ্ট সাহিত্যিক অশোকানন্দ রায় বর্ধন, রতন চক্রবর্তী, জয় দেবনাথ, সঞ্জিত মালাকার, সাক্রমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের সহকারী অধ্যাপক ড. সুদীপ গোস্বামী প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সাক্রম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত। অনুষ্ঠানে সাক্রম মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের এবং সাক্রমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের ছাত্রছাত্রীরা প্রবন্ধ প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা, সমবেত নৃত্য প্রতিযোগিতা, সমবেত সংগীত প্রতিযোগিতা, আকস্মিক বক্তৃতা প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার ও শংসাপত্র বিতরণ করা হয়।

\*\*\*\*\*